



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-২৪

তারিখ: ২৩ বৈশাখ ১৪২১ বাংলা  
০৬ মে ২০১৪ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**বিষয়ঃ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত নির্দেশনাসমূহ  
পরিপালন বিষয়ে বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে পৃথক অনুচ্ছেদ যুক্তকরণ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ইতোপূর্বে অত্র অথরিটি হতে একাধিক সার্কুলার জারির মাধ্যমে এতদবিষয়ে করণীয় সম্পর্কে আপনাদেরকে অবহিত করা হয়েছে। বিশেষত: ১৩/০৭/২০১১ তারিখে জারিকৃত এমআরএ/লেটার নং-রেগু-০৯ -এর মাধ্যমে প্রেরিত বাংলাদেশ ব্যাংকের ১৫/০৬/২০১১ তারিখের এএমএল সার্কুলার নম্বরঃ ২৭ এবং গত ০১/০১/২০১৪ তারিখের পত্র নং-এমআরএ/লাইসেন্স-১০(১০)/২০১৪-০৭(৬৮০) -এ Guidelines on Prevention of Money Laundering and Terrorist Financing for NGO/NPO Sector -এর ৪ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন করার জন্য আপনাদের পরামর্শ প্রদান করা হয়। এ সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কি-না সেবিষয়ে আপনাদের প্রতিষ্ঠানের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে পৃথক একটি অনুচ্ছেদ সংযোজন করত: নিরীক্ষকের বিস্তারিত মতামত উপস্থাপনের পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(ফৌজিয়া জাফরীন)  
পরিচালক  
ফোন : ৮৩৩৩৩৪০।

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১৪- ১০৪০ (৭০০)

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক, বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জিব্বুর রহমান)  
উপ-পরিচালক  
ফোন: ৮৩৩২২৭৮।